যুগান্তর

তারিখ 17 OCT 2015
পৃষ্ঠা ১৭ কলাম ২

# স্কুলে যেতে চায় সৌরভ

## 'নিজ পায়ে দাঁড়াতে আরও সময় লাগবে'

**রংপুর ব্যুরো**

গাইবান্ধার সুন্দরগঞ্জে এমপি মঞ্জুরুল ইসলাম লিটনের গুলিতে আহত শিশু শাহাদত হোসেন সৌরভ স্কুলে যেতে চায়। চতুর্থ শ্রেণীর সমাপনী পরীক্ষায় সে অংশ নিতে পারবে কিনা তা নিয়ে সংশয়ে রয়েছে তার পরিবার। হাঁড়ি-পাতিলের ফেরিওয়ালা বাবা তজরউদ্দিন মিয়ার ব্যবসা বন্ধ হওয়ার পথে। ছেলেকে হাসপাতালের বিছানায় যন্ত্রণায় কাতরাতে দেখে মা সেলিনা বেগমের চোখেও ঘুম নেই। সৌরভ এখনও হাঁটতে পারছে না। ডাক্তার জানান, নিজ পায়ে দাঁড়াতে তার আরও সময় লাগবে।
শনিবার রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের শিশু সার্জিক্যাল ওয়ার্ডের বিছানায় শুয়ে সৌরভ কাতর কণ্ঠে যুগান্তর প্রতিবেদককে বলে, আঙ্কেল আমি স্কুলে যাব। পরীক্ষা দিতে পারব তো আমি? তখন তাকে মা সেলিনা বেগম দুপুরের খাবার খাওয়ানোর আয়োজন করছিলেন। চাচা শাহজাহান মিয়া দুশ্চিন্তা মাথায় নিয়ে তার বিছানার পাশেই একটি টুলের ওপর বসেছিলেন। হাসপাতালে চিকিৎসাধীন ৯ দিনের নানা কষ্টের কথা এক নিঃশ্বাসে বলে গেলেন তিনি। তিনি জানান, এখন বাড়িতে ফিরতেও তাদের ভয় করছে। কারণ এমপির লেলিয়ে দেয়া সন্ত্রাসীরা এলাকায় বিরোধীদের নানাভাবে হুমকি-ধমকি দিচ্ছেন।
শিশু সার্জিক্যাল ওয়ার্ডের চিকিৎসক সহযোগী অধ্যাপক বাবলু কুমার দাস জানান, সৌরভের সম্পূর্ণ সুস্থ হতে আরও সময় লাগবে। গুলিতে তার দুটি পায়ের মাংসপেশি মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই এখনই তাকে হাঁটতে নিষেধ করা হয়েছে। এছাড়া সে এখনই দাঁড়াতে পারবে না। তিনি আরও জানান, এ ধরনের রোগীকে হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে চিকিৎসা দিয়ে ৩ সপ্তাহ দেখার পর ছাড়া হয়। কিন্তু সৌরভের ক্ষত অনেক বেশি তাই তার সুস্থ হতে আরও সময় প্রয়োজন হবে। এখনই তাকে ছাড়পত্র দেয়া হচ্ছে না। তাই কবে নাগাদ সৌরভ বাড়ি যেতে পারবে তা এখনও নিশ্চিত নয়।
সৌরভের মা সেলিনা বেগম ও চাচা শাহজাহান মিয়া যুগান্তর প্রতিবেদককে বলেন, সৌরভ বাড়ি যাওয়ার জন্য অস্থির হয়ে উঠেছে। স্কুলের সমাপনী পরীক্ষায় সে অংশ নিতে পারবে কিনা তাও অনিশ্চিত। সে বারবার বলছে, সে স্কুলে যেতে চায়।
সন্তানের চিকিৎসায় হাসপাতালের খরচ জোগাতে হিমশিম খাচ্ছেন সৌরভের বাবা তজরউদ্দিন মিয়া। তার ব্যবসাও বন্ধ হয়ে গেছে। খাওয়া-দাওয়া বাদ দিয়ে ছেলের বিছানার পাশে রাত-দিন পড়ে থাকেন তিনি। তিনি জনান, সৌরভের চিকিৎসার জন্য ইতিমধ্যে ৫০ হাজার টাকা সুদের ওপর লোন নিয়েছেন। সে টাকাও এখন শেষের পথে। অথচ তার আয়-রোজগার একদম সৌরভ : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## সৌরভ : যেতে চায়

(৩য় পৃষ্ঠার পর)

বন্ধ। কিভাবে ছেলের চিকিৎসা চালাবেন, কিভাবে সংসার চলবে সে চিন্তায় বেসামাল তিনি। তিনি তার শিশু সন্তানের চিকিৎসার ব্যয়ভার বহনে বিত্তশালীদের এগিয়ে আসার অনুরোধ জানান। এর পাশাপাশি তিনি ক্ষতিপূরণের দাবি করেন।
**আজ লিটনবিরোধীদের শোভাযাত্রা-সমাবেশ :** গাইবান্ধা প্রতিনিধি জানান, অবশেষে লিটনবিরোধীদের সভা-সমাবেশের অনুমতি দিয়েছে প্রশাসন। জাতিসংঘের চ্যাম্পিয়নস অব দ্য আর্থ সম্মাননা লাভ করায় সুন্দরগঞ্জের বঙ্গবন্ধু ম্যুরাল চত্বরে আজ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে শোভাযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হবে। জানা গেছে, মেয়র আবদুল্লাহ আল মামুনকে আজ শোভাযাত্রা ও সমাবেশ করার অনুমতি দেয়া হয়েছে। লিটন সমর্থকরা আগামীকাল সোমবার তাদের কর্মসূচি পালন করবে। এদিকে ঘটনার এক সপ্তাহ পর এমপি লিটনের পক্ষ থেকে গাড়ি ভাংচুর ও তার ওপর হামলার অভিযোগ এনে সুন্দরগঞ্জ থানায় একটি অভিযোগ পাঠানো হয়। তার স্ত্রী সৈয়দা খুরশিদ জাহান স্মৃতির বড় ভাই তারিকুল ইসলাম ৮ অক্টোবর বৃহস্পতিবার এটি থানায় জমা দেন। এ অভিযোগকে কেন্দ্র করে শনিবার বিভিন্ন মহলে আলোচনা শুরু হয়। অনেকেই বলছেন, নিজের অপরাধকে ঢাকতে এবং বিষয়টি ভিন্ন খাতে প্রবাহিত করতে লিটন ওই অভিযোগ করেছেন। পাশাপাশি সভা করে তার অনুগত নেতাদের দিয়ে তিনি নিজ দলের বিরোধী নেতাকর্মীদের বিরুদ্ধে জামায়াত-শিবির কানেকশনের অভিযোগ আনছেন।